(একই স্মারক ও তারিখ ঠিক রেখে বিকল্প আদেশ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

**স্মারক নং-৩৭.০২.০০০০.০০০.১১২.৮০.০০০১.২৫/ ৬০৫৫** **তারিখ : ১৩এপ্রিল ২০২৬খ্রি.**

**বিষয়: আর্ট বাংলাদেশ এর ব্যানারে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড কর্তৃক পরিচালিত দেশব্যাপী অনলাইন চিত্রাঙ্কন প্রতিযোগিতা-২০২৬ স্কুল পর্যায়ে বাস্তবায়ন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানে মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের বুদ্ধিবৃত্তিক শিক্ষা ও সংস্কৃতি নিয়ে আর্ট বাংলাদেশ এর ব্যানারে **শিল্পীর তুলিতে (ক) বাংলাদেশ (খ) ঐতিহাসিক ও জাতীয় স্থাপনার দৃশ্য (গ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী (ঘ) শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান** এর উপর দেশব্যাপী অনলাইন চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। উক্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রতিযোগিতার নিয়মাবলি ২ পাতা।

(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক (শারীরিক শিক্ষা)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

**০১। উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, অঞ্চল (সকল)।**
**০২। জেলা শিক্ষা অফিসার (সকল)।**

**অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৩। পরিচালক (আঞ্চলিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অঞ্চল (সকল)।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড, এ্যাভিনিউ-৬, ডিওএইচএচ,মিরপুর, ঢাকা।
০৫। পরিচালক, আর্ট বাংলাদেশ, এ্যাভিনিউ-৬, ডিওএইচএচ, মিরপুর, ঢাকা।
০৬। প্রধান শিক্ষক, সরকারি/ বেসরকারী সকল নিম্নমাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয় (সকল)।
০৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধীনস্থ স্কুলসমূহে পত্রটি পৌঁছানো ও সংযুক্তির আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৮। অনলাইন সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
www.seo.rangpur.gov.bd

স্মারক নং ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.২৬/ ৫৮৫(৯) তারিখ : ২৩.০৪.২০২৬খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

২। জেলা শিক্ষা অফিসার, রংপুর/কুড়িগ্রাম/গাইবান্ধা/লালমনিরহাট/নীলফামারী/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়। আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের নিকট পত্রে প্রাপ্তি নিশ্চিতসহ পত্রের মর্মানুযায়ী নিম্নবর্ণিত ছক মোতাবেক "আর্ট বাংলাদেশ" এ অংশগ্রহণকারী শিক্ষার্থীর তথ্য Excel ফরমেটে আগামী ০৫.০৫.২০২৬ তারিখের মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| ক্রম | জেলার নাম | উপজেলার নাম | ইআইআইএন | স্কুলের নাম | অংশগ্রহণকারী প্রতিযোগির সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | | | | | |

৩। সংরক্ষণ নথি।

২৩.৪.২০২৬

মোছাঃ রোকসানা বেগম
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর

বিষয়: **আর্ট বাংলাদেশ এর ব্যানারে দেশব্যাপী অনলাইন চিত্রাঙ্কন প্রতিযোগিতা-২০২৬ স্কুল পর্যায়ে বাস্তবায়নে ট্যালেন্ট স্পোর্টস লিমিটেড প্রদত্ত নিয়মাবলি।**

**<u>অনলাইন নিবন্ধনে করণীয়:</u>**

০১। **চিত্রাঙ্কনের বিষয়বস্তু: শিল্পীর তুলিতে (ক) বাংলাদেশ (খ) ঐতিহাসিক ও জাতীয় স্থাপনার দৃশ্য (গ) মাওলানা আব্দুল হামিদ খান ভাসানী (ঘ) শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান।**

০২। অনলাইনে নিবন্ধনের তারিখ: **১৩ এপ্রিল ২০২৬ সোমবার থেকে ৩০ এপ্রিল ২০২৬ বৃহস্পতিবার পর্যন্ত।**

০৩। অনলাইনে নিবন্ধন পদ্ধতি: শিক্ষার্থী নিজে অথবা শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে নিবন্ধন সম্পন্ন করতে পারবেন।

০৪। অনলাইন নিবন্ধনে করণীয়: ওয়েবসাইটের রেজিস্ট্রেশন অপশনে শিক্ষার্থীর তথ্য প্রদানপূর্বক যথাযথ অনলাইন প্রক্রিয়া অনুসরণ করে নিবন্ধন সম্পন্ন করতে হবে। ড্যাশবোর্ডে থাকা প্রতিযোগীর এডমিট কার্ড, অনুষ্ঠানে এন্ট্রি টিকিট, অংশগ্রহণমূলক সার্টিফিকেট ডাউনলোড করে নিতে হবে। নিবন্ধন সম্পন্ন হলে ৩০ এপ্রিল ২০২৬ বৃহস্পতিবার এর মধ্যে যেকোনো সময়ে প্রতিযোগীর মোবাইল নম্বর দিয়ে লগিন করে ড্যাশবোর্ডে থাকা আর্ট আপলোড অপশনে চিত্রাঙ্কনের ছবি আপলোড করতে হবে।

০৫। নিবন্ধনের ওয়েবসাইট লিংক: **<u>https://online.artbangladesh.com/register</u>**

**যোগাযোগের হটলাইন নম্বর ও হোয়াটসঅ্যাপ:**

**01901990070, 01901990071, 01901990072, 01901990073, 01901990074, 01901990075, 01901990076, 01901990077, 01901990078, 01901990079**

**শিক্ষা প্রতিষ্ঠানের করণীয়:**

০১। ০৩ মে ২০২৬ রবিবার তারিখের মধ্যে প্রতিযোগীদের নিবন্ধন সম্পন্ন হলে স্কুলের প্যাডে নিবন্ধনকৃতদের তালিকা ছক আকারে প্রস্তুত করে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। ছকের তথ্য: ক্রমিক, শ্রেণি, শিক্ষার্থীর নাম, চিত্রাঙ্কনের ওয়েবসাইট থেকে প্রাপ্ত প্রতিযোগীর এডমিট কার্ডে থাকা আইডি নম্বর, নিবন্ধনের তারিখ।

**উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসের করণীয়:**

০১। ০৪ মে ২০২৬ সোমবার তারিখের মধ্যে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ নেওয়া স্কুলসমূহের তথ্য জেলা শিক্ষা অফিসার বরাবর প্রেরণ করবেন। ছকের তথ্য: ক্রমিক, ইআইআইএন, স্কুলের নাম, অংশ নেওয়া প্রতিযোগীর সংখ্যা।

**জেলা শিক্ষা অফিসের করণীয়:**

০১। ০৫ মে ২০২৬ মঙ্গলবার তারিখের মধ্যে জেলা শিক্ষা অফিসার তাঁর আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ নেওয়া স্কুলসমূহের তালিকা ছক আকারে উপপরিচালক (মাধ্যমিক), অঞ্চল বরাবর প্রেরণ করবেন। ছকের তথ্য: ক্রমিক, ইআইআইএন, স্কুলের নাম, অংশ নেওয়া প্রতিযোগীর সংখ্যা।

**উপপরিচালক (মাধ্যমিক), অঞ্চল অফিসের করণীয়:**

০১। ০৬ মে ২০২৬ বুধবার তারিখের মধ্যে উপপরিচালক (মাধ্যমিক), অঞ্চল তাঁর আওতাধীন জেলাসমূহের সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে উল্লিখিত প্রতিযোগিতায় অংশ নেওয়া স্কুলসমূহের তালিকা ছক আকারে "আর্ট বাংলাদেশ" এর ইমেইলে প্রেরণ করবেন। এক্সেল ছকের তথ্য: ক্রমিক, জেলার নাম, উপজেলার নাম, ইআইআইএন, স্কুলের নাম, অংশ নেওয়া প্রতিযোগীর সংখ্যা। ইমেইল: **<u>contact.artbangladesh@gmail.com</u>**

**প্রতিযোগীদের চিত্রাঙ্কন মূল্যায়ন:**

০১। চিত্রাঙ্কন: শিক্ষার্থীদের আপলোডকৃত একই চিত্রাঙ্কনের উপর জেলা, আঞ্চলিক এবং জাতীয় পর্যায়ে মূল্যায়ন করা হবে।

০২। বিচারকমণ্ডলী: ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ১৬ (ষোল) জন শিক্ষকমণ্ডলীর মাধ্যমে গঠিত প্যানেল প্রতিযোগীদের চিত্রাঙ্কনসমূহ মূল্যায়ন করবেন।



প্রফেসর মোঃ শহিদুল ইসলাম
উপ-পরিচালক (শা:শি:)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

**ফলাফল প্রকাশ:**

০১। ফলাফল প্রকাশ: ১০ মে ২০২৬ রবিবার অনলাইন আর্ট প্রতিযোগিতার ওয়েবসাইটে ফলাফল প্রকাশ করা হবে।

০২। শ্রেণি ভিত্তিক উত্তীর্ণ হার: ষষ্ঠ শ্রেণি থেকে= ২০ জন, সপ্তম শ্রেণি থেকে=২০ জন, অষ্টম শ্রেণি থেকে=২০ জন, নবম শ্রেণি থেকে=২০ জন, দশম শ্রেণি থেকে=২০ জন, মোট ১০০ জন হারে জেলা পর্যায়, অঞ্চল পর্যায় এবং জাতীয় পর্যায়ে উত্তীর্ণ হবে।

০৩। উত্তীর্ণ সংখ্যা: একই চিত্রাঙ্কনের উপর প্রত্যেক জেলা থেকে একশত জন অর্থাৎ ৬৪ জেলা থেকে ৬৪০০ জন, প্রত্যেক অঞ্চল থেকে একশত জন অর্থাৎ ৯ অঞ্চল থেকে ৯০০ জন এবং সারা দেশ থেকে জাতীয় পর্যায়ে ১০০ জন উত্তীর্ণ হবে।

**উত্তীর্ণদের তালিকা ও পুরষ্কার অঞ্চল অফিসে প্রেরণ:**

০১। প্রত্যেক অঞ্চলের উপপরিচালক (মাধ্যমিক), অঞ্চল এবং জেলা শিক্ষা অফিসার এর অফিসে যথাসময়ে আর্ট বাংলাদেশ কর্তৃপক্ষ থেকে কুরিয়ার এর মাধ্যমে জেলা ও অঞ্চলিক পর্যায়ে উত্তীর্ণদের তালিকা ও পুরষ্কার প্রেরণ করা হবে।

পুরষ্কার বিতরণ:

০১। জেলা পর্যায়ে পুরষ্কার বিতরণ: ১২ মে ২০২৬ মঙ্গলবার প্রত্যেক জেলায় উত্তীর্ণদের পুরষ্কার বিতরণ সম্পন্ন হবে।

০২। অঞ্চল পর্যায়ে পুরষ্কার বিতরণ: ১৩ মে ২০২৬ বুধবার প্রত্যেক অঞ্চলে উত্তীর্ণদের পুরষ্কার বিতরণ সম্পন্ন হবে।

০৩। জাতীয় পর্যায়ে পুরষ্কার বিতরণ: ১৫ মে ২০২৬ শুক্রবার জাতীয় পর্যায়ে উত্তীর্ণদের পুরষ্কার বিতরণ সম্পন্ন হবে। জাতীয় পর্যায়ে পুরষ্কার বিতরণী অনুষ্ঠান ভেন্যু: বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

**শিক্ষা প্রতিষ্ঠানের সম্মাননা:**

০১। প্রতিযোগিতায় জাতীয় পর্যায়ে পুরষ্কার প্রাপ্ত ১০০ জন শিক্ষার্থীর স্কুলকেও পুরস্কৃত করা হবে।

০২। তারিখ ও ভেন্যু: ১৫ মে ২০২৬ শুক্রবার। বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

উত্তীর্ণদের প্রশিক্ষণ প্রদান:

০১। জেলা পর্যায়ে উত্তীর্ণ ৬৪০০ জনকে প্রতি সপ্তাহে একদিন করে মোট ৮ (আট) টি অনলাইন ক্লাসের মাধ্যমে শিক্ষার্থীদের চিত্রাঙ্কন বিষয়ে উন্নত প্রশিক্ষণ প্রদান করা হবে।

০২। জেলা পর্যায়ে উত্তীর্ণদের মোবাইল নম্বরে এসএমএস প্রদানের মাধ্যমে প্রশিক্ষণ সিডিউল অবহিত করা হবে।

০৩। ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদের ১৬ (ষোল) জন শিক্ষকমণ্ডলীর মাধ্যমে উত্তীর্ণদের অনলাইনে প্রশিক্ষণ প্রদান করা হবে।

**অনলাইন চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিচারকমণ্ডলী এবং অনলাইন ক্লাসের মাধ্যমে প্রশিক্ষণ প্রদানকারী শিক্ষকমণ্ডলীর তালিকা:**

০১। ড. মলয় বালা, অধ্যাপক, ওরিয়েন্টাল আর্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০২। গোপাল চন্দ্র ত্রিবেদী, চেয়ারম্যান, ওরিয়েন্টাল আর্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৩। মোহাম্মদ জাহাঙ্গীর হোসেন, চেয়ারম্যান, কারুশিল্প বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৪। মোহাম্মদ আব্দুল মোমেন, সহযোগী অধ্যাপক, কারুশিল্প বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৫। নাজির হোসেন খান, সহযোগী অধ্যাপক, প্রিন্টমেকিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৬। আব্দুস সাত্তার তৌফিক, সহযোগী অধ্যাপক, ড্রইং এন্ড পেইন্টিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৭। ড. ফারজানা আহমেদ, সহযোগী অধ্যাপক, গ্রাফিক ডিজাইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৮। ড.সিদ্ধার্থ দে, সহযোগী অধ্যাপক, গ্রাফিক ডিজাইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

০৯। সুমন কুমার বৈদ্য, সহকারী অধ্যাপক, ওরিয়েন্টাল আর্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১০। মোহাম্মদ কামাল উদ্দিন, সহকারী অধ্যাপক, ড্রইং এন্ড পেইন্টিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১১। অমিত নন্দী, সহকারী অধ্যাপক, ওরিয়েন্টাল আর্ট বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১২। মো. আক্তারুজ্জামান, সহকারী অধ্যাপক, শিল্পকলার ইতিহাস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৩। ঝোটন চন্দ্র রায়, প্রভাষক, প্রিন্টমেকিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৪। স্বপন কুমার সানা, প্রভাষক, প্রিন্টমেকিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৫। আব্দুল্লাহ আল বশির, প্রভাষক, প্রিন্টমেকিং বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

১৬। সৈয়দ তারেক রহমান, প্রভাষক, ভাস্কর্য বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

প্রফেসর মোঃ শহিদুল ইসলাম
উপ-পরিচালক (মাঃশিঃ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।